সমকাল

তারিখ : 29 OCT 2016 পৃষ্ঠা ২০ কলাম ৪

# মতিঝিল আইডিয়াল স্কুলের শিক্ষককে সহকর্মীদের মারধর

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের বনশ্রী শাখার শিক্ষক মল্লিক আমিরুল ইসলামকে মারধর করার অভিযোগ উঠেছে। গতকাল শুক্রবার প্রতিষ্ঠানটির মতিঝিল শাখার অধ্যক্ষ শাহানারা বেগমের কক্ষে। কয়েকজন শিক্ষক তাকে মারধর করেন বলে অভিযোগ করেন মল্লিক। তিনি মতিঝিল থানায় জিডি করেছেন বলে জানিয়েছেন। তবে এ বিষয়ে অধ্যক্ষ ড. শাহানারা বেগমের কোনো বক্তব্য পাওয়া যায়নি।

মল্লিক আমিরুল ইসলাম বনশ্রী শাখার ইংরেজি বিভাগের দিবা শাখার শিক্ষক। গতকাল তিনি সমকালকে বলেন, অধ্যক্ষ শাহানারা বেগম শুক্রবার তাকে দেখা করার জন্য ডেকে পাঠান। তিনি সকাল সাড়ে ১০টার পরে অধ্যক্ষের কার্যালয়ে যান। সেখানে গিয়ে অধ্যক্ষসহ বিভিন্ন শাখার সহকারী প্রধান শিক্ষক ও একজন শিক্ষক প্রতিনিধিকে (টিআর) দেখতে পান। এরপর অধ্যক্ষ মতিঝিলের দিবা শাখার সহকারী প্রধান শিক্ষক আবদুস সালাম খানের 'সনদ জালিয়াতি' সম্পর্কে কে বা কারা লিফলেট ছড়িয়েছে সে বিষয়ে তার কাছে জানতে চান। তিনি এর সঙ্গে জড়িত কি-না সে প্রশ্নও করেন। সম্প্রতি স্কুলের বেতন বৃদ্ধির বিরুদ্ধে অভিভাবকদের আন্দোলনের উস্কানি দেওয়ার সঙ্গেও তিনি জড়িত বলে অধ্যক্ষ তার কাছে প্রশ্ন রাখেন। এসব ব্যাপারে ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৬

## মতিঝিল আইডিয়াল

[১৯ পৃষ্ঠার পর]

জড়িত থাকার কথা মল্লিক অস্বীকার করেন। জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে তিনি 'আমাকে এসব প্রশ্ন করে বিব্রত করা হচ্ছে' বলে উঠে চলে আসতে চাইলে বনশ্রী প্রভাতি শাখার সহকারী প্রধান শিক্ষক শাহাদাত বিশ্বাস, ইংলিশ ভার্সনের দিবা শাখার সহকারী প্রধান শিক্ষক কলিম মোরশেদ, প্রভাতি শাখার সহকারী প্রধান শিক্ষক জাহাঙ্গীর আলম, মতিঝিল প্রভাতি শাখার সহকারী প্রধান শিক্ষক মোফাজ্জল হোসেন এবং মতিঝিল শাখার শিক্ষক প্রতিনিধি ও সমাজ বিজ্ঞানের শিক্ষক রফিকুল ইসলাম তাকে এলোপাতাড়ি কিল, ঘুষি ও লাথি মারেন বলে মল্লিক অভিযোগ করেন। ঘটনার সময় অধ্যক্ষের কক্ষে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুগদা শাখার সহকারী প্রধান শিক্ষক ডিএম বাকিবিল্লাহ, মতিঝিল প্রভাতি শাখার ইংরেজি ভার্সনের সহকারী প্রধান শিক্ষক ইমাম হোসেন ও বনশ্রী শাখার অধ্যক্ষ মোয়াজ্জেম হোসেন।